হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ, গাংনী, মেহেরপুর, স্থাপিতঃ-২০১৮

-পৃষ্ঠা-৩

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৩০ ঃ মেহেরপুর- সোমবার ১ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ১৭ ভাদ্র ১৪৩২ বাংলা ঃ ৭ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

# মেহেরপুরে কচু চাষে লোকসানে কৃষকরা

## রপ্তানির দাবি ব্যবসায়ীদের



নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মাঠে এ বছর কচু চাষ করে বিপাকে পড়েছেন কৃষকরা। বাজার দর কম এবং উৎপাদন খরচ বেড়ে যাওয়ায় লোকসানের মুখে পড়তে হচ্ছে চাষিদের। ব্যবসায়ীরা বলছেন, বাজার ব্যবস্থাপনায় কোনো তদারকি নেই। অন্যদিকে কৃষি বিভাগ বলছে, উৎপাদনে সব ধরনের পরামর্শ দেওয়া হচ্ছে এবং রপ্তানির সুযোগ তৈরির কাজ চলছে। মেহেরপুরের মেহেরচন্ডি কচু দেশের বিভিন্ন প্রান্তে সুপরিচিত। ভিন্ন স্বাদ ও মানের কারণে এ ফসলটির চাহিদা সবসময়ই বেশি ছিল। তবে এ বছর সার, কীটনাশক ও শ্রমিকের

২-এর পৃষ্ঠা দেখুন




# জুলাই সনদ কার্যকর করতে হবে, নির্বাচন কমিশন সংস্কার জরুরি: সরোয়ার তুষার

নিজস্ব প্রতিবেদক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম আহ্বায়ক সরোয়ার তুষার বলেছেন, নির্বাচনের আগে জুলাই সনদ কার্যকর করা বাধ্যতামূলক, নাহলে আগামী নির্বাচনে সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করা সম্ভব হবে না। তিনি আরও বলেন, নির্বাচন কমিশনকে দ্রুত সংস্কার করতে হবে, অন্যথায় সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন সম্পন্ন করা সম্ভব নয়। গতকাল রোববার (৩১ আগস্ট) দুপুরে মেহেরপুর জেলা পরিষদের হলরুমে জেলা ও উপজেলা সমন্বয়ক কমিটির সদস্যদের সঙ্গে অনুষ্ঠিত সাংগঠনিক সভা ও রাজনৈতিক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন সরোয়ার তুষার। তিনি আরও বলেন, বর্তমানে যে ভুল হয়েছে, তা ভবিষ্যতে আর হবে না। সংবিধান সংশোধনের প্রয়োজনীয়তা না মেনে নির্বাচন অনুষ্ঠিত হলে আগামী তিন থেকে পাঁচ বছরের মধ্যে আরও একটি গণঅভ্যুত্থান ঘটতে পারে। নির্বাচনের আগে সংস্কার না হলে, সব রাজনৈতিক দলের মধ্যে যে বিষয়গুলোতে একমত হয়েছে, সেগুলোও ভেস্তে যাবে। সংশ্লিষ্ট প্রসঙ্গে সরোয়ার তুষার বলেন,

২-এর পৃষ্ঠা দেখুন

# তুবা দুআ প্রতিযোগিতায় ফের চ্যাম্পিয়ন

নিজস্ব প্রতিবেদক




মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি ও দৈনিক যুগান্তরের প্রতিনিধি তোজাম্মেল আযমের নাতনি তাসনিয়া তুবা আবারও দুআ প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে।গতকাল রোববার ঢাকার গুলশানে গাইডেন্স ইন্টারন্যাশনাল স্কুল চত্বরে স্কুল পর্যায় ও ইনফরমেশন সোসাইটি প্রজেক্টের আওতায় পৃথকভাবে অনুষ্ঠিত চূড়ান্ত প্রতিযোগিতায় তুবা স্কুল পর্যায়ে চ্যাম্পিয়ন ও

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরের গৃহবধূ মিরপুরে ট্রেনে কাটা পড়লেন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলার গাংনী উপজেলার মটমুড়া গ্রামের গৃহবধূ স্বপ্না খাতুন (২৮) ট্রেনে কাটা পড়ে নিহত হয়েছেন। শনিবার (৩১ আগস্ট) দুপুরে কুষ্টিয়ার মিরপুর রেললাইনের উপর থেকে পুলিশ তার মরদেহ উদ্ধার করেছে।নিহত স্বপ্না খাতুন মটমুড়া গ্রামের মোবাইল মেকানিক সুজনের স্ত্রী এবং দুই সন্তানের জননী। স্বপ্নার পরিবার সূত্রে জানা যায়, বিয়ের প্রায় এক যুগ আগে তিনি সুজনের সঙ্গে বিবাহিত হন। পরিবারের দুই সন্তান এক ছেলে ও এক মেয়ে আছে। মিরপুর থানা পুলিশ

২-এর পৃষ্ঠা দেখুন




# মেহেরপুরে মুক্তিযোদ্ধা সংসদের আলোচনা সভা অনুষ্ঠান

নিজস্ব প্রতিবেদক

"দেশ ও জনগণের অতন্দ্র প্রহরী" স্লোগানকে সামনে রেখে মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের নবগঠিত আহ্বায়ক কমিটির উদ্যোগে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।গতকাল রবিবার সকাল সাড়ে ১০টায় জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মেহেরপুর জেলা ইউনিট কমান্ড এ অনুষ্ঠানের

২-এর পৃষ্ঠা দেখুন

# চুয়াডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় নিহত ১

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার দামুড়হুদায় ইজিবাইক ও আলমসাধুর (ভটভটি) মুখোমুখি সংঘর্ষে বরকত আলী মোল্লা (৫৫) নামে এক মুয়াজ্জিনের মৃত্যু হয়েছে। গতকাল রবিবার (৩১ আগস্ট) বেলা ১১টার দিকে উপজেলার মুক্তারপুর এলাকায় এই ঘটনা ঘটে। নিহত বরকত আলী মোল্লা একই উপজেলার হাতিভাঙ্গা গ্রামের বাসিন্দা এবং হাতিভাঙ্গা জামে মসজিদের মুয়াজ্জিন ছিলেন। স্থানীয়রা জানান, বরকত আলী সকালবেলা কার্পাসডাঙ্গা বাজারে কেনাকাটা শেষে একটি ইজিবাইকে করে বাড়ি ফিরছিলেন। পথে মুক্তারপুর এলাকায় পৌঁছালে

২-এর পৃষ্ঠা দেখুন




# গাংনীতে ফেন্সিডিল উদ্ধার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর সীমান্ত এলাকা থেকে ৫০ হাজার ৮০০ টাকা মূল্যের ১২৭ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। রবিবার এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি)। প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, শনিবার রাত আনুমানিক ২০:৪৫ ঘটিকায় কাজিপুর বিওপির দায়িত্বপূর্ণ সীমান্ত পিলার ১৪৬/৪-এস হতে প্রায় ২০০ গজ ভেতরে কাজিপুর বর্ডারপাড়া এলাকায় অভিযান চালায় বিজিবি। জেসিও-৯৪৩৫ সুবেদার শাহাবুদ্দিন হোসেনের নেতৃত্বে পরিচালিত এ

২-এর পৃষ্ঠা দেখুন




# ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের আয়োজনে সংগঠনের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে 'স্রোত'-এর ১৯০তম সংখ্যার মোড়ক উন্মোচন অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার (৩১ আগস্ট) বিকালে মেহেরপুর প্রেস ক্লাব মিলনায়তনে এ মোড়ক উন্মোচন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সভাপতি অ্যাডভোকেট আনোয়ার হোসেন। প্রধান অতিথি

২-এর পৃষ্ঠা দেখুন

# নুরের শারীরিক অবস্থা উন্নতির পথে ঢামেক পরিচালক

সূর্যোদয় প্রতিবেদন

গণঅধিকার পরিষদের সভাপতি ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুর ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন রয়েছেন। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, ধীরে ধীরে তার শারীরিক অবস্থার উন্নতি হচ্ছে। রোববার (৩১ আগস্ট) সকালে ঢামেক হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. আসাদুজ্জামান সাংবাদিকদের বলেন, "নুরুল হক নুর বর্তমানে চিকিৎসকদের নিবিড় পর্যবেক্ষণে রয়েছেন। তার অবস্থা আগের তুলনায় ভালো হলেও কিছু জটিলতা এখনো বিদ্যমান।" তিনি জানান, নুরুল হক নুরের

২-এর পৃষ্ঠা দেখুন



# গাংনীতে সড়ক দুর্ঘটনায় আহত যুবকদের ব্যাগে মিললো ফেনসিডিল

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর গ্রামে মোটরসাইকেল দুর্ঘটনায় আহত দুই যুবকের কাছ থেকে ৪০ বোতল ফেনসিডিল উদ্ধার করেছে পুলিশ।গতকাল রবিবার (৩১ আগস্ট) দুপুরে এ ঘটনা ঘটে। আহতরা হলো, কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার হৃদয়পুর গ্রামের

২-এর পৃষ্ঠা দেখুন

# আওয়ামী লীগ অবশ্যই নির্বাচন ভন্ডুল করতে চাইবে : স্বরাষ্ট্র উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

সচিবালয়ে আইনশৃঙ্খলা সংক্রান্ত কোর কমিটির বৈঠক শেষে স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, কার্যক্রম নিষিদ্ধ থাকা আওয়ামী লীগ অবশ্যই আসন্ন জাতীয় সংসদ নির্বাচন ভন্ডুল করার চেষ্টা করবে। রোববার (৩১ আগস্ট) বৈঠক শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন। উপদেষ্টা বলেন, "আগামী জাতীয় সংসদ নির্বাচন কতটা নিরপেক্ষ, নিরাপদ ও সুষ্ঠু হবে তা নির্ভর করবে অংশগ্রহণকারী রাজনৈতিক দলগুলোর ওপর। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নিরাপত্তা ও শান্তিশৃঙ্খলা বজায় রাখতে সর্বাত্মক সহযোগিতা

২-এর পৃষ্ঠা দেখুন




# মাদার আলী স্মৃতি ফুটবল টুর্নামেন্টে নাটুদহ একাদশের জয়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় মরহুম মাদার আলী বিশ্বাস স্মৃতি ফুটবল টুর্নামেন্টে চুয়াডাঙ্গার দামড়হুদার নাটুদহ ফুটবল একাদশ বিজয় অর্জন করেছে। গতকাল রবিবার (৩১ আগস্ট) বিকেলে উপজেলার যতারপুর ফুটবল মাঠে অনুষ্ঠিত খেলায় তারা মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া ফুটবল একাদশকে ৪-২ গোলে পরাজিত করে। খেলার শুরু থেকেই দুই দল আক্রমণ পাল্টা আক্রমণে মাঠ গরম করে তোলে। প্রথমার্ধেই নাটুদহ একাদশ লিড নেয়। দ্বিতীয়ার্ধে

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

**মামুনুর রশিদ মামুন**

**খবর (আলো নাকি অন্ধকারের ফাঁদ?)**

আলো কিংবা অন্ধকারে
দূরদূরান্তের পথে
ফাঁদ পাতার জাল বুনেছে
সারা রাস্তা জুড়ে।
অন্ধকারের কালো রং
গা ছমছম করছে পিছু
সার্চ লাইট পড়লে চোখে
যায় না দেখা কিছু।
আইন আছে প্রয়োগ নেই
ইচ্ছেমতো চলে
চোখ থেকে সরলে আলো
অন্ধকারে আছাড় খেয়ে পড়ে।
আইন কর কঠোরভাবে
আলোর ছটা কমবো
চলবে গাড়ি নিয়ম মেনে
প্রয়োগ হবে শক্ত।




# দর্শনা সীমান্তে ৫৮ লক্ষ টাকার চোরাই পণ্য উদ্ধার

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গার দর্শনার বিভিন্ন সীমান্তে ৬ বিজিবি চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে প্রায় ৫৮ লক্ষ টাকার পণ্য উদ্ধার করেছে।জানা যায়, চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) দায়িত্বপ্রাপ্ত সীমান্ত এলাকায় নিয়মিত টহল ও গোয়েন্দা তৎপরতার অংশ হিসেবে গত ২৭ থেকে ৩১ আগস্ট

২-এর পৃষ্ঠা দেখুন




# মুজিবনগরে "উঠানে নতুন সংবিধান" এনসিপির উঠান বৈঠক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগরে "উঠানে নতুন সংবিধান" শ্লোগানকে সামনে রেখে সাধারণ মানুষের সঙ্গে উঠান বৈঠক করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতাকর্মীরা। গতকাল রবিবার বিকেলে মুজিবনগর কমপ্লেক্স পর্যটন মোটেলে এই উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয় এখন
পত্রিকাতেও যেমন, ওয়েবেয়েও তেমন
প্রতিদিনের পত্রিকা অনলাইনে দেখতে ক্লিক করেন
www. amadersurjodoy.com
আমাদের সূর্যোদয়
প্রধানসড়ক, হোটেল বাজার,মেহেরপুর।
মোবাইল :01714938647

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ সোমবার ॥ ১৭ ভাদ্র ১৪৩২ বাংলা ॥ ১ সেপ্টেম্বর ২০২৫ইং

# দৌলতপুরে তিন বছরে মেলেনি বৃত্তির টাকা

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার দৌলতপুরে মেধাবৃত্তি প্রাপ্তদের তিন বছর পেরিয়ে গেলেও বৃত্তিপ্রাপ্তরা বৃত্তিবাবদ কোন অর্থ এখনো পায়নি। সময়মত বৃত্তির অর্থ না পাওয়ায় বিরুপ প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ও অভিভাবকরা। ২০২২ সালের ডিসেম্বরে পঞ্চম শ্রেণীর প্রাথমিক বৃত্তি পরীক্ষায় অংশ নিয়ে বৃত্তি পেলেও এখন পর্যন্ত তারা সে বৃত্তির টাকা পাননি। আর চারমাস পরে তাদের নির্ধারিত বৃত্তিরপ্রাপ্তের সময়কাল ষষ্ঠ থেকে অস্টম শ্রেণী পেরিয়ে যাবে। এতদিনেও বৃত্তির টাকা না পাওয়ায় তাদের মধ্যে হতাশা ও ক্ষোভের সৃষ্টি হয়েছে। দৌলতপুর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের দেয়া তথ্য মতে জানা গেছে, ২০২২ সালে দৌলতপুর উপজেলার ২৮৪টি বিদ্যালয় থেকে মোট ২ হাজার ৩১০ জন শিক্ষার্থী প্রাথমিক পরীক্ষার্থী বৃত্তি পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে মেধা তালিকায় ১০৯ জন ও সাধারণ গ্রেডে ৮৫ জনসহ মোট ১৯৪ জন শিক্ষার্থী বৃত্তি লাভ করে। সর্বশেষ ২০২৪ সালের এপ্রিলে সকল মেধাবৃত্তিপ্রাপ্তদের পিতা/মাতার সাথে সরকারী তপশীলী ব্যাংকে হিসাব খুলতে বলা হয়। সেই মোতাবেক হিসাব খুলে নিজ নিজ শিক্ষ প্রতিষ্ঠানে জমা দিলেও অদ্যাবধি কেউ বৃত্তির অর্থ পাননি। ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করে অভিভাবকরা বলছেন, দিনের পর দিন ঘুরেও তারা শুধু আশ্বাস পেয়েছেন, কোন সমাধান আসেনি। ট্যালেন্ট পুলে বৃত্তি পাওয়া আবু ওবাইদুল্লাহ সিদ্দিক নামে ৮ম শ্রেণির এক শিক্ষার্থী জানায়, 'আমি তারাগুনিয়া সরকারি মডেল

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## সপ্তাহে অন্তত পাঁচ দিন কমপক্ষে ৩০ মিনিট করে হাঁটুন

সূর্যোদয় প্রতিবেদন

নিয়মিত হাঁটলে অনেক সুফল পাওয়া যায়। দৈনন্দিন শারীরিক পরিশ্রম না হওয়ার কারণে শরীরে বাসা বাঁধছে নানা অসুখ। এর মধ্যে ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, আর্থরাইটিস (বাত), ওবেসিটি বা স্থূলতা, মাংসপেশির শক্তি কমে যাওয়া, অস্টিওপোরোসিস অন্যতম। অথচ শুধু হাঁটার মাধ্যমে এর অনেকগুলো আপনি রুখে দিতে পারেন। সপ্তাহে অন্তত ১৫০ মিনিট হাঁটতে হবে। যেসব রোগের ঝুঁকি কমায় : শরীরের অতিরিক্ত চর্বি কমে। ভালো কোলেস্টেরল বা এইচডিএল বাড়ে, মন্দ কোলেস্টেরল বা এলডিএল কমে।ওজন কমে। স্তন ক্যানসারসহ অন্য অনেক ক্যানসারের ঝুঁকি কমে।

হাঁটলে শরীরের পেশিতে ইনসুলিনের কার্যকারিতা বাড়ে। ফলে রক্তের গ্লুকোজ কমে। ডায়াবেটিস নিয়ন্ত্রণে থাকে। উচ্চ রক্তচাপ, হৃদ্?রোগ ও মস্তিষ্কে রক্তক্ষরণের (স্ট্রোক) ঝুঁকি কমাতেও প্রতিদিন হাঁটুন। করোনারি ধমনিতে ব্লক থাকলেও নিয়মিত হাঁটার কারণে আশপাশের ছোট

৩-এর পৃষ্ঠা দেখুন



## দামুড়হুদায় তিন ডিম বিক্রেতার জরিমানা

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গা জেলা জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উদ্যোগে দামুড়হুদা উপজেলার ঈদগাহ মোড় ও বড়বাজার নিচের বাজার এলাকায় তদারকিমূলক অভিযান পরিচালনা করা হয়েছে। গতকাল রোববার (৩১ আগস্ট) সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত চলা এ অভিযানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার তদারকি করা হয়। এ সময় ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর বিভিন্ন ধারা অনুযায়ী নিয়ম ভঙ্গের অভিযোগে তিনটি ডিম বিক্রেতা প্রতিষ্ঠানকে মোট ১৭ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। ঈদগাহ মোড় এলাকায় আব্দুর রহমানের মালিকানাধীন মেসার্স আব্দুর রহমান ডিম ঘরকে ৭ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া বড়বাজারে মো. আসলাম উদ্দিনের

৩-এর পৃষ্ঠা দেখুন

## জাতীয় পার্টিকে নিষিদ্ধ করার পক্ষে বলল জামায়াত

সূর্যোদয় প্রতিবেদন

আওয়ামী লীগের মতো জাতীয় পার্টিকেও নিষিদ্ধ করার পক্ষে বাংলাদেশ জামায়াতে ইসলামী। ফ্যাসিবাদী আওয়ামী লীগের কার্যক্রম যেভাবে নিষিদ্ধ করা হয়েছে, তেমনিভাবে জাতীয় পার্টিকেও নিষিদ্ধ করা যেতে পারে বলে মনে করে দলটি। রোববার (৩১ আগস্ট) প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের আমন্ত্রণে যমুনায় বৈঠক শেষে একথা বলেন জামায়াতের নায়েবে আমির সাবেক এমপি ডা. সৈয়দ আব্দুল্লাহ মো. তাহের। তিনি বলেন, জাতীয় পার্টির ব্যাপারে সুস্পষ্ট করে বলেছি, ফ্যাসিবাদী আওয়ামী লীগের কার্যক্রম যেভাবে নিষিদ্ধ করা হয়েছে, তেমনিভাবে জাতীয় পার্টিকেও নিষিদ্ধ করা যেতে পারে। ডা. সৈয়দ আব্দুল্লাহ মো. তাহের বলেন, গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক

৩-এর পৃষ্ঠা দেখুন




## কুষ্টিয়ায় বিজিবির অভিযানে ৮ কোটি টাকার অবৈধ পণ্য আটক

নিজস্ব প্রতিবেদক

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) ধারাবাহিক মাদক ও চোরাচালান বিরোধী অভিযানে প্রায় ৮ কোটি ৬৩ লাখ টাকার মাদক, নকল বিড়ি ও অবৈধ জাল জব্দ করেছে। গতকাল (রোববার) ৩১ আগস্ট ভোর রাতে দৌলতপুর উপজেলার ইসলামপুর ত্রিমোহনী নদী এলাকায় সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালানো হয়। অধিনায়ক লে. কর্নেল মো. মাহবুব মুর্শেদ রহমান পিএসসির প্রত্যক্ষ তত্ত্বাবধানে এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আব্দুল হাই সিদ্দিকী, উপজেলা মৎস্য কর্মকর্তা হোসেন আহমেদ স্বপন ও বিজিবির সহকারী পরিচালক মো. জাকিরুল ইসলামের নেতৃত্বে পরিচালিত এ অভিযানে ১১ হাজার ৫০০ কেজি অবৈধ "চায়না দুয়ারি"

৩-এর পৃষ্ঠা দেখুন

## জাতীয় পার্টির কার্যক্রম স্থগিতের আহ্বান এনসিপির

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) সরকারের প্রতি আহ্বান জানিয়েছে যে, জাতীয় পার্টির সাংগঠনিক কার্যক্রম স্থগিত করার কার্যকরী পদক্ষেপ নেওয়া হোক। এনসিপির দাবি, ফ্যাসিস্ট আওয়ামী লীগের আমলে একের পর এক অবৈধ নির্বাচনে অংশ নিয়ে জাতীয় পার্টি সেগুলোকে বৈধতা দিচ্ছে এবং কার্যক্রম নিষিদ্ধ একটি দলের পক্ষে ঝাণ্ডা ধরার অভিযোগ উঠেছে। এনসিপির প্রধান উপদেষ্টার সঙ্গে চার সদস্যের প্রতিনিধিদলের বৈঠকের পর গণমাধ্যমকে এই তথ্য জানান জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আদীব। তিনি বলেন, "সরকার যদি আইন এবং সংবিধান অক্ষরে অক্ষরে মানেন, তবে জাতীয় পার্টির অনৈতিক ও অবৈধ কার্যক্রমের বিষয়ে অবশ্যই পদক্ষেপ নেওয়া উচিত।" এনসিপি সূত্রে জানা

৩-এর পৃষ্ঠা দেখুন



## অর্থনীতিতে স্থিতিশীলতা ফিরেছে, তবে দারিদ্র্য ও বৈষম্য বেড়েছে

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্বব্যাংকের ঢাকা অফিসের সাবেক লিড ইকোনমিস্ট ড. জাহিদ হোসেন বলেছেন, গত তিন বছরের তুলনায় বর্তমানে বাংলাদেশের অর্থনীতিতে স্থিতিশীলতা ফিরেছে। তবে ক্ষুদ্র অর্থনীতিতে অবস্থা খারাপ হয়েছে। দারিদ্র্য ও বৈষম্য বেড়েছে, কমেছে ব্যক্তি বিনিয়োগ ও কর্মসংস্থান। রাজধানীর পুরানা পল্টনে ইকোনমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ) আয়োজিত মোয়াজ্জেম হোসেন স্মারক বক্তৃতায় তিনি এসব কথা বলেন। আলোচনার বিষয় ছিল "সামষ্টিক অর্থনৈতিক চ্যালেঞ্জ এবং উত্তরণের পথ"। ড. জাহিদ বলেন, অর্থনীতির অস্থিতিশীলতার পেছনে যারা ছিলেন, তারা ক্ষমতাচ্যুত হওয়ায় স্থিতিশীলতা ফিরেছে। অর্থ পাচার ও হুন্ডি কমেছে, বৈদেশিক মুদ্রা দেশে আসছে বেশি, ব্যাংক লুটপাটও বন্ধ হয়েছে। তবে তিনি সতর্ক করে বলেন, ক্ষুদ্র পর্যায়ে আয় ও মজুরি কমে গেছে। অনেক পরিবার

৩-এর পৃষ্ঠা দেখুন



## পলিথিনের পরিবর্তে সাশ্রয়ী পাটের ব্যাগ ব্যবহারের আহ্বান পরিবেশ উপদেষ্টার

সূর্যোদয় প্রতিবেদন

পলিথিন শপিং ব্যাগের ব্যবহার বন্ধে সরকার এবার কঠোর অবস্থান নিয়েছে। নিষিদ্ধ ঘোষিত পলিথিন ব্যবহার অব্যাহত থাকলে তা জব্দ করার পাশাপাশি আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ও পানি সম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। রোববার রাজধানীর

৩-এর পৃষ্ঠা দেখুন

## ফ্যাসিস্ট আমলেও নুরের ওপর এমন হামলা হয়নি : স্ত্রী মারিয়া নুর

সূর্যোদয় প্রতিবেদন

বিগত ফ্যাসিস্ট সরকারের আট বছরেও নুরুল হক নুরের ওপর এত নৃশংস ও ন্যক্কারজনক হামলা হয়নি বলে মন্তব্য করেছেন গণ অধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরের স্ত্রী মারিয়া নুর। উন্নত চিকিৎসার স্বামীকে দেশের বাইরে নিয়ে যেতে চান বলেও জানিয়েছেন তিনি। রবিবার ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে স্বামীকে দেখেতে এসে এসব কথা বলেন মারিয়ে নুর। এসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে কান্নাজড়িত কণ্ঠে এসব কথা বলেন তিনি। তিনি বলেন, 'বিগত ফ্যাসিস্ট

৩-এর পৃষ্ঠা দেখুন



## সুষ্ঠু নির্বাচন আয়োজন নিয়ে এখনও সংশয় রয়েছে: রিজভী

সূর্যোদয় প্রতিবেদন

অবাধ ও সুষ্ঠু নির্বাচন আয়োজন নিয়ে এখনও সংশয় প্রকাশ করেছে বিএনপি। দলের সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, প্রশাসনের বিভিন্ন স্তরে এখনো সরকারের দোসররা রয়ে গেছে, যারা নির্বাচনে প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারে। রোববার দুপুরে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশনের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভারতকে হারিয়ে রানার্সআপ বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

সাফ অনূর্ধ্ব-১৭ নারী চ্যাম্পিয়নশিপে গ্রুপপর্বের শেষ ম্যাচে ভারতকে ৪-৩ গোলে হারাল বাংলাদেশ। প্রথম লেগে ভারতের কাছে ২-০তে হেরেছিল লাল-সবুজের মেয়েরা। শেষ ম্যাচ জিতে রানার্সআপ হয়ে আসর শেষ করল অর্পিতা

৩-এর পৃষ্ঠা দেখুন

## বিসিবিতে নির্বাচিত হলে আধুনিক পরিবর্তন আনার চেষ্টা করব- তামিম ইকবাল

সূর্যোদয় প্রতিবেদন

দেশের সাবেক ক্রিকেট অধিনায়ক তামিম ইকবাল খান বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) আসন্ন নির্বাচনে পরিচালক পদে লড়াই করার ঘোষণা দিয়েছেন। তিনি জানিয়েছেন, পর্যাপ্ত সমর্থন পেলে বিসিবি সভাপতির পদেও প্রতিদ্বন্দ্বিতা করবেন। এক সাক্ষাৎকারে তামিম বলেন, "বর্তমান পরিস্থিতি মোটেই ভালো নয়। সবাই একে অপরকে ছোট করছে, মিথ্যা ছড়াচ্ছে। কিছু সত্যি, কিছু মিথ্যা। এখন আলোচনা হওয়া উচিতড়কে নতুন চিন্তা আনতে পারবে, কে এই সময়ে

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রযুক্তি

## টেলিস্কোপে ভিনগ্রহে প্রাণের ইঙ্গিত

সূর্যোদয় প্রতিবেদন

মানব ইতিহাসের অন্যতম বড় বৈজ্ঞানিক আবিস্কারের দ্বারপ্রান্তে দাঁড়িয়ে আছেন জ্যোতির্বিজ্ঞানী-রা। নাসার জেমস ওয়েব স্পেস টেলিস্কোপ ব্যবহার করে বিজ্ঞানীরা শনাক্ত করেছেন এমন কিছু গ্যাস, যা পৃথিবীতে সাধারণত জীবন্ত প্রাণী, বিশেষ করে শৈবাল উৎপাদন করে। গবেষক দলটি ক২-১৮ন নামের এক দূরবর্তী গ্রহের বায়ুমণ্ডলে ডাইমিথাইল সালফাইড ও ডাইমিথাইল ডিসালফাইড নামে দুটি গ্যাস খুঁজে পেয়েছেন। পৃথিবী থেকে প্রায় ১২৪ আলোকবর্ষ দূরে অবস্থিত এই গ্রহটির আকার পৃথিবীর চেয়ে প্রায় আড়াই গুণ বড়। এটি তার নক্ষত্রের এমন এক কক্ষপথে ঘুরছে, যাকে বিজ্ঞানীরা 'হ্যাবিটেবল জোন' (যেখানে তরল পানি থাকার সম্ভাবনা থাকে) বলে থাকেন। গবেষণা দলের নেতৃত্বে থাকা কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক নিকু মাধুসূদন বলেন, এটি এখন পর্যন্ত ভিনগ্রহে প্রাণের সম্ভাবনার সবচেয়ে শক্ত প্রমাণ। তিনি জানান, এক থেকে দুই বছরের মধ্যেই এ বিষয়ে নিশ্চিত তথ্য পাওয়া যেতে পারে। তার ভাষায়, শনাক্ত হওয়া গ্যাসগুলোর



৩-এর পৃষ্ঠা দেখুন

**মায়ের হাসি ক্লিনিক**

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

**নিয়মিত রোগী দেখেন**

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
**ডাঃ এম.র. মালিক**
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
**রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।**

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
**ডাঃ কানিজ নাঈমা**
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
**রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)**

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
**ডাঃ রুমানা হেলালী (জুসি)**
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
**ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন**
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
**ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ**
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

**শর্মা ফুড প্লাজা**

বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।
মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩

অ্যাপিটাজার, স্যান্ডউইস , বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স , মিট বক্স এড, পান্তা, সালাদ , ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,




ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা , কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।

এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, সোমবার, ১ সেপ্টেম্বর ২০২৫ ইং

## আলো, নিরাপত্তা ও মেহেরপুর গাংনী সড়ক

মেহেরপুর থেকে গাংনীগামী সড়কটি এ অঞ্চলের অন্যতম ব্যস্ত পথ। প্রতিদিন সন্ধ্যার পর এ সড়কে ছোট-বড় বিভিন্ন ধরনের যাত্রীবাহী ও মালবাহী যানবাহন চলাচল করে। নিয়মতান্ত্রিকভাবে আলোর ব্যবস্থা চালকের নিরাপদ চলাচলের সহায়ক হওয়ার কথা থাকলেও বাস্তব চিত্র সম্পূর্ণ ভিন্ন।

সন্ধ্যা নামলেই এ সড়কে আলো যেন নিরাপত্তার প্রতীক না হয়ে অদৃশ্য এক বিপদে পরিণত হয়। অসংখ্য যানবাহনে লাগানো অতিরিক্ত ক্ষমতাসম্পন্ন এলইডি ও ফগ লাইট সরাসরি অন্য চালকের চোখে এসে পড়ে। নিয়ম মেনে হেডলাইট ব্যবহারকারীরা এতে মারাত্মক বিড়ম্বনার শিকার হন। চোখ ধাঁধানো উজ্জ্বল আলোয় সড়কের অবস্থা স্পষ্ট দেখা যায় না; সামনে কী আসছে তা অনুমান করাও কঠিন হয়ে পড়ে। ফলে দুর্ঘটনার ঝুঁকি বহুগুণ বেড়ে যায়। এ কথা কারো অজানা নয় যে, যানবাহনের আলো থাকার উদ্দেশ্য হলো পথ আলোকিত করা, যাত্রা নিরাপদ করা। কিন্তু কিছু অসচেতন চালকের বেপরোয়া ব্যবহার সেই আলোকেই অন্ধকারের ফাঁদে পরিণত করছে। যারা নিয়ম মেনে চলতে চান, তারাই হচ্ছেন সবচেয়ে বেশি ভুক্তভোগী। এখনই যদি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টিকে গুরুত্বের সঙ্গে না দেখে, তবে মেহেরপুর-গাংনী সড়কটি অচিরেই দুর্ঘটনাপ্রবণ এলাকায় পরিণত হতে পারে। সড়ক পরিবহন আইন অনুযায়ী অননুমোদিত ও অতিরিক্ত ক্ষমতার লাইট ব্যবহার বন্ধ করা জরুরি। স্থানীয় প্রশাসনের নজরদারি ও আইনি পদক্ষেপ গ্রহণ ছাড়া এ সমস্যা সমাধান সম্ভব নয়। সবশেষে মনে রাখা দরকারড়আলো পথ দেখানোর জন্য, অন্ধকার নামানোর জন্য নয়। মেহেরপুর-গাংনী সড়কের প্রতিটি যাত্রীই চায় নিরাপদে গন্তব্যে পৌঁছাতে। তাই এখনই সময়ড়নিয়ম ভাঙা আলো নয়, বরং নিয়ম মেনে নিরাপত্তার আলো ফিরিয়ে আনার।

## জুলাই সনদ কার্যকর করতে হবে

(প্রথম পৃষ্টার পর)

“জুলাই সনদ পরবর্তী নির্বাচিত সরকার এটি বাস্তবায়ন করবে না। সরকারের কাছে দিলে তা শিয়ালের কাছে মুরগি ধার দেওয়ার সমান। তাই নির্বাচন পূর্বে সনদ কার্যকর করা আবশ্যক।” ঢাকায় গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরের ওপর হামলার ঘটনা প্রসঙ্গে তুষার বলেন, এই ঘটনার সঙ্গে জড়িত সেনা ও পুলিশ সদস্যদের বিচারের আওতায় আনা উচিত। তিনি বলেন, “আইনশৃঙ্খলা পরিস্থিতি এখন পর্যন্ত ঠিক করতে পারেনি সরকার। তাই সেনাবাহিনী এখন ব্যারাকে ফিরে যাক, প্রয়োজনে নির্বাচনের সময় আবারও মাঠে নামানো হোক।” নির্বাচনের রোডম্যাপ ঘোষণার প্রসঙ্গে সরোয়ার তুষার প্রশ্ন তুলেছেন, “কীভাবে নির্বাচন হবে, কোন পদ্ধতিতে হবে, তা এখনও আলোচনার টেবিলে। অথচ প্রধান নির্বাচন কমিশনার ইতিমধ্যেই রোডম্যাপ ঘোষণা করেছেন। এই কমিশনের পক্ষে কখনই সুষ্ঠু নির্বাচন দেওয়া সম্ভব নয়।” এছাড়া অন্তর্বর্তী সরকারের সমালোচনা করে তিনি বলেন, “সমস্যা হলেই ড. ইউনূস সব রাজনৈতিক দলকে ডেকে পাঠান। এই নাটক বন্ধ করতে হবে। সরকার জানে না তারা সরকার। কোনো ঘটনা ঘটলে প্রতিবাদ জানায়, কিন্তু পদক্ষেপ গ্রহণ করে না।” সভায় উপস্থিত ছিলেন এনসিপির যুগ্ম আহ্বায়ক মোল্লা রহমতুল্লাহ, যুগ্ম মুখ্য সমন্বয়ক অ্যাডভোকেট শাকিল আহম্মেদ ও কেন্দ্রীয় সদস্য সোহেল রানা।

## মেহেরপুরে কচু চাষে লোকসানে

(প্রথম পৃষ্টার পর)

দাম বেড়ে যাওয়ায় উৎপাদন খরচ তুলনায় বাজারদর অনেক কম। এতে ক্ষতিগ্রস্ত হচ্ছেন কৃষকরা। মুজিবনগরের কৃষক সালাম জানান, “গত কয়েক বছর ধরে কচু চাষে লাভবান হয়েছে, কিন্তু এবছর লোকসান গুনতে হচ্ছে। সার, কীটনাশক ও শ্রমিকের খরচ অনেক বেড়ে গেছে, অথচ বাজারে দাম মিলছে না।” অন্য কৃষক মনিরুলি বলেন, “বৃষ্টির কারণে কয়েকদিন কচু তুলতে পারিনি। এখন জমি থেকে তুলতে গেলেও খরচ উঠছে না। এক বিঘা জমিতে ২৫ থেকে ৩০ হাজার টাকা খরচ হয়েছে, সবটাই লোকসান।” কৃষকের পাশাপাশি ক্ষতিগ্রস্ত হচ্ছেন ব্যবসায়ীরাও। স্থানীয় ব্যবসায়ী নাজমুল বলেন, “জমি থেকে কচু কিনে ঢাকা বা চট্টগ্রামে পাঠালেও খরচ উঠে আসে না। সারা দেশে কচুর উৎপাদন বেশি হওয়ায় বাজারে চাহিদা কমে গেছে। সরকারি উদ্যোগে রপ্তানি বাড়ানো গেলে কৃষক-ব্যবসায়ী উভয়ই লাভবান হতো।” মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক শামসুল আলম জানান, কৃষকদের সব ধরনের উৎপাদন ও পরিচর্যার পরামর্শ দেওয়া হচ্ছে। এদিকে কৃষি বিপণন কর্মকর্তা তারিকুল ইসলাম বলেন, কচু বিদেশে রপ্তানির কার্যক্রম চালু রয়েছে এবং মেহেরপুরের কচুও সেই প্রক্রিয়ার আওতায় আনার উদ্যোগ নেওয়া হচ্ছে। কৃষি বিভাগের তথ্য অনুযায়ী, চলতি মৌসুমে জেলায় প্রায় ২ হাজার হেক্টর জমিতে কচুর আবাদ হয়েছে।

## তুবা দুআ প্রতিযোগিতায় ফের চ্যাম্পিয়ন

(প্রথম পৃষ্টার পর)

প্রজেক্টের আওতায় দ্বিতীয় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। তুবা বর্তমানে গাইডেন্স ইন্টারন্যাশনাল স্কুলের তৃতীয় শ্রেণির শিক্ষার্থী। এর আগে গত বছরও সে দুআ প্রতিযোগিতায় দ্বিতীয় চ্যাম্পিয়ন হয়েছিল। এছাড়া স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার একটি ইভেন্টে চ্যাম্পিয়ন হয়ে সাফল্যের ধারাবাহিকতা বজায় রেখেছে।

## মেহেরপুরের গৃহবধূ মিরপুরে ট্রেনে

(প্রথম পৃষ্টার পর)

জানায়, স্বপ্না খাতুন ট্রেনের নিচে কাটা পড়ে মারা গেছেন। ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে সামাজিক যোগাযোগ মাধ্যমে পরিচয় সনাক্তের জন্য ছবি দেওয়া হয়। পরে মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে। পরিবারের দাবি, স্বপ্না খাতুন আত্মহত্যা করেছেন। তবে কি কারণে তিনি এই পথ বেছে নিলেন তা নিশ্চিত করে কেউ বলতে পারছেন না। গতকাল রবিবার বিকেলে নিজ গ্রাম মটমুড়ায় তার জানাজা শেষে দাফন সম্পন্ন হয়েছে। স্বপ্নার শাশুড়ি জানান, শনিবার বিকেলে তিনি পাশের বাড়িতে গিয়েছিলেন। ফিরে এসে জানতে পারেন, স্বপ্না বাড়ি থেকে বের হয়ে গেছেন। পরে রাত সাড়ে ৮টার দিকে স্বপ্নার মৃত্যুর খবর শুনেছেন। নিহতের মা জানিয়েছেন, শনিবার রাত ৯টার দিকে প্রতিবেশীরা সামাজিক যোগাযোগ মাধ্যমে ছবি দেখিয়ে স্বপ্নাকে চিনতে পারেন তিনি।

## মেহেরপুরে মুক্তিযোদ্ধা সংসদের

(প্রথম পৃষ্টার পর)

আয়োজন করে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা শামসুল আলম সোনা। শুরুতে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশনা, পবিত্র কোরআন তেলাওয়াত এবং এক মিনিট নীরবতা পালনের মাধ্যমে কর্মসূচির সূচনা হয়। বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হকের সঞ্চালনায় আলোচনায় অংশ নেন বীর মুক্তিযোদ্ধা ইলিয়াস হোসেন, আনছাউল হক, সিরাজুল ইসলাম, মতিয়ার রহমান, কামাল উদ্দিন, রায়হান উল কবীর, আহসান হাবীব, নুরুল হুদা, মীর মনা, জামিল, মাহাবুল হকসহ অন্যরা। আলোচনা সভায় মুক্তিযোদ্ধারা দেশ ও স্বাধীনতার চেতনাকে অম্লান রাখার অঙ্গীকার ব্যক্ত করেন এবং ভবিষ্যৎ প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের ইতিহাস ও মূল্যবোধ পৌঁছে দেওয়ার ওপর গুরুত্বারোপ করেন।

## গাংনীতে ফেন্সিডিল উদ্ধার

(প্রথম পৃষ্টার পর)

অভিযানে ভারত থেকে চোরাইপথে আনা ১২৭ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। উদ্ধারকৃত ফেন্সিডিলের আনুমানিক সিজার মূল্য ধরা হয়েছে ৫০ হাজার ৮০০ টাকা।

## নুরের শারীরিক অবস্থা উন্নতির পথে

(প্রথম পৃষ্টার পর)

শরীরে চারটি গুরুতর সমস্যা ধরা পড়েছে। এগুলো হলোড়নাকের হাড় ভাঙা, চোয়ালের হাড়ে ভাঙন, চোখে গুরুতর আঘাত এবং মস্তিষ্কে রক্তক্ষরণ। তবে চিকিৎসার ফলে মাথার ভেতরের রক্তক্ষরণ ধীরে ধীরে কমছে। ঢামেক পরিচালক আরও বলেন, সর্বশেষ সিটি স্ক্যানের রিপোর্ট আশাব্যঞ্জক এসেছে। যদিও নুর এখনো কিছুটা ট্রমায় আছেন, তবুও চিকিৎসকদের মতে তার অবস্থার উন্নতি হচ্ছে। ছয় সদস্যের মেডিকেল বোর্ডের তত্ত্বাবধানে তার চিকিৎসা চলছে এবং চিকিৎসকরা নিয়মিত তার সার্বিক অবস্থা পর্যবেক্ষণ করছেন। উল্লেখ্য, গত শুক্রবার (২৯ আগস্ট) রাতে রাজধানীর কাকরাইলে জাতীয় পার্টি (জাপা) ও গণঅধিকার পরিষদের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষ হয়। জাপার কার্যালয়ের সামনে দিয়ে গণঅধিকার পরিষদের একটি মিছিল যাওয়ার সময় এ ঘটনা ঘটে। পরে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হামলায় নুরুল হক নুরসহ কয়েকজন আহত হন।

## শিশুর ভাষার বিকাশ

আশরাফুন নাহার টুম্পা



ভাষা প্রতীকরূপে ব্যবহৃত যোগাযোগের অন্যতম মাধ্যম। ভাষা, শিক্ষণ এবং স্মৃতি এই তিনটা পরস্পর সমন্বয়ে মানুষ তার চারপাশের পরিবেশকে বুঝতে শেখে এবং জ্ঞান অর্জন করে। ভাষা হলো অর্থপূর্ণ ধ্বনি যার মাধ্যমে অতীত, বর্তমান, ভবিষ্যৎ মূর্ত - বিমুর্ত সবই প্রকাশ করা যায়। ভাষাবিদদের মতে ভাষার কয়েকটি সাব সিস্টেম আছে যেমন- ধ্বনি,অর্থ,গঠন ও উচ্চারণ এবং ব্যবহার। ভাষার বিকাশে এগুলোর প্রত্যেকটিকে আয়ত্ত করা এবং একত্রিত করার বিশেষ প্রয়োজন। একটা একটা শব্দ শিখতে শিখতে শিশুর শব্দ ভান্ডার সমৃদ্ধ হয়। পরবর্তীতে শিশুরা এই শব্দ গুলোকে অর্থপূর্ণভাবে ব্যবহার করে, ব্যাকরণ এর ব্যবহার শিখে এরপর আসে নিজেকে প্রকাশ করা ও কথোপকথনের পালা। ভাষা বিকাশের প্রথম ধাপ প্রাক-বাচনিক পর্বে শিশু ধ্বনির উচ্চারণ করে ও পরে কলকূজন করে। এই ধপের ভাষা অর্থহীন। দ্বিতীয় ধাপে বয়স বৃদ্ধির সাথে সাথে শিশুর মানসিক অভিজ্ঞতা বাড়ে। দেহ ও জিনিসপত্র নিয়ে সে কথা বলে। ব্যাকরণের ব্যবহার শুদ্ধ হয়। তৃতীয় পর্বে শিশু নিজেকে নিয়ে কথা বলে যাকে আত্মকেন্দ্রিক ভাষা বলে। চতুর্থ পর্বে ভাষার বিকাশে স্মৃতিশক্তির ব্যবহার দেখা যায়। পরবর্তীতে ভাষা চিন্তাশক্তিকে পরিচালিত করে আবার কখনো কখনো উল্টোটাও হয়। (শিশু বিকাশ কেন্দ্র, শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ হাসপাতাল গাজীপুর।)

# আরাফ ও কান্তারা: হাশরের অজানা অধ্যায়

আশরাফ জিয়া

ছোটবেলা থেকেই আমরা শুনে এসেছি আখিরাতের পরিণতি হয় জান্নাত নয় জাহান্নাম। কিন্তু সূরা আরাফ আমাদের জানিয়ে দিল, না! জান্নাত আর জাহান্নামের মাঝেও রয়েছে একটি বিশেষ স্থান, যার নাম আরাফ। এই জায়গায় অবস্থান করবেন তারা, যাদের আমল এমন নয় যে সরাসরি জান্নাতে প্রবেশ করবেন, আবার এমনও নয় যে সরাসরি জাহান্নামে যেতে হবে। বলা চলে, এ যেন “মধ্যবিত্তদের ভূমি” যারা সবসময় আশায় থাকবেন, একদিন না একদিন আল্লাহর দয়া পেয়ে জান্নাতে প্রবেশ করবেন। কিন্তু আরাফ ছাড়াও হাশরের মাঠে রয়েছে আরেকটি গুরুত্বপূর্ণ ধাপ, যার নাম অনেকেরই অজানা আল-কান্তারাহ। আমরা সাধারণত মনে করি, কোনোভাবে পুলসিরাত পার হতে পারলেই জান্নাতে প্রবেশ নিশ্চিত। কিন্তু বাস্তবে তা নয়। পুলসিরাত পার হওয়ার পরও থাকবে আরেকটি বিচার। হাশরের দিনে মুমিনদের বিচার হবে দু'বার, একবার স্রষ্টার হক (আল্লাহর হক) নিয়ে। আরেকবার বান্দার হক (মানুষের প্রতি দায়িত্ব) নিয়ে। প্রথম বিচার হবে সিরাত পার হওয়ার আগে, আর দ্বিতীয় বিচার হবে সিরাত পার হওয়ার পর, কান্তারায়। আল-কান্তারাহ হলো জান্নাতের দরজার প্রান্তসীমায় এক ছোট সিরাত। মুমিনরা যখন জান্নাতে প্রবেশের অপেক্ষায় থাকবে, তখন কান্তারায় তাদের মধ্যকার সকল অমীমাংসিত হিসাব চুকানো হবে। কেউ যদি দুনিয়ায় অন্যকে কষ্ট দিয়ে থাকে, কারও সম্পদ আত্মসাৎ করে থাকে, কারও প্রতি অন্যায় করে থাকেড়সবকিছুর হিসাব সেখানেই মীমাংসা হবে। ভাবুন তো, একজন মানুষ জান্নাতের দ্বারপ্রান্তে পৌঁছে গেছেন, অথচ কান্তারায় তার সব আমল শেষ হয়ে যাচ্ছে, এমনকি ভুক্তভোগীদের প্রাপ্য আদায়ের পর তার ওপর চাপিয়ে দেওয়া হচ্ছে অন্যের গুনাহ। শেষমেশ তাকে জাহান্নামে টেনে নেওয়া হলো! রাসূলুল্লাহ (সা.) এ ধরনের মানুষকে বলেছেন “মুফলিস” অর্থাৎ দেউলিয়া। সাহাবারা যখন জিজ্ঞেস করেছিলেন, “ইয়া রাসূলুল্লাহ, দেউলিয়া বলতে কি সেই মানুষকে বোঝায়, যার কাছে অর্থ-সম্পদ নেই?” তখন তিনি উত্তরে বলেছিলেন, “না। আমার উম্মতের প্রকৃত দেউলিয়া সেই ব্যক্তি, যে কিয়ামতের দিন অনেক নামাজ, রোজা ও দান নিয়ে উপস্থিত হবে। কিন্তু জীবদ্দশায় সে অন্যকে গালি দিয়েছে, অপবাদ দিয়েছে, অন্যায়ভাবে সম্পদ কেড়ে নিয়েছে, অন্যের রক্ত ঝরিয়েছে বা প্রহার করেছে। সেদিন তার সমস্ত সৎকর্ম ভুক্তভোগীদের মধ্যে বিলিয়ে দেওয়া হবে। আর যদি তার সৎকর্ম যথেষ্ট না হয়, তবে ভুক্তভোগীদের গুনাহ তার ওপর চাপিয়ে দেওয়া হবে এবং তাকে জাহান্নামে নিক্ষেপ করা হবে।” তাই আমাদের জন্য বড় শিক্ষা হলো নামাজ, রোজা, সাদাকা অবশ্যই জরুরি; কিন্তু সেগুলোর পাশাপাশি মানুষের হক আদায় করাও সমানভাবে জরুরি। মুখের কথায় কিংবা কাজের মাধ্যমে কাউকে কষ্ট দেওয়া, অন্যের প্রাপ্য আত্মসাৎ করা কিংবা অপবাদ দেওয়াড় এসবের জন্য কান্তারায় দেখা হবে হিসাবের দিন।

## চুয়াডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় নিহত ১

(প্রথম পৃষ্টার পর)

বিপরীত দিক থেকে আসা একটি আলমসাধুর সঙ্গে ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ইজিবাইকটি দুমড়ে-মুচড়ে যায় এবং বরকত আলী সড়কে ছিটকে পড়ে ঘটনাস্থলেই মারা যান। দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির জানান, পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় মরদেহ ময়নাতদন্ত ছাড়াই স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

## ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের

(প্রথম পৃষ্টার পর)

ছিলেন প্রফেসর আবদুল্লাহ আল আমিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের সিনিয়র সহ-সভাপতি ডা. এম এ বাশার, নুরুল আহমেদ ও রফিক উল আলম। এ সময় বক্তব্য রাখেন সাহিত্য সম্পাদক মিনা পারভীন, প্রচার সম্পাদক আবু লায়েছ লাবলু, সাংস্কৃতিক ও নাট্য সম্পাদক সাইদুর রহমান, সদস্য মোমিনুল হক ও আবুল হাশেম। বক্তারা তাদের আলোচনায় ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের দীর্ঘ ৪৭ বছরের সাংস্কৃতিক-সাহিত্যিক অবদান তুলে ধরে ভবিষ্যৎ প্রজন্মকে সাহিত্য ও সংস্কৃতিচর্চায় আরও সম্পৃক্ত করার আহ্বান জানান।

## স্বরাষ্ট্র উপদেষ্টা

(প্রথম পৃষ্টার পর)

করবে। এজন্য আমরা সম্পূর্ণ প্রস্তুত আছি।” তিনি আরও জানান, বৈঠকে পুলিশ সংস্কার কমিশন, রাজনৈতিক দলগুলোর কার্যকলাপ, মাদক, সামাজিক যোগাযোগমাধ্যমে উসকানি ও মিথ্যা সংবাদ প্রকাশসহ নানা বিষয় নিয়ে আলোচনা হয়েছে। বিশেষ করে পুলিশ যেন কর্মক্ষেত্রে নিরপেক্ষ আচরণ করে, সে বিষয়েও গুরুত্বারোপ করা হয়েছে। রাজনৈতিক দলের ঐক্যের প্রসঙ্গ তুলে জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, “ফ্যাসিস্ট সরকারের পতনের পর রাজনৈতিক দলগুলোর মধ্যে যে ঐক্য তৈরি হয়েছে, সেটি ধরে রাখতে হবে। মতপার্থক্য থাকলেও বৃহত্তর জাতীয় স্বার্থে সব রাজনৈতিক দলকে ঐক্যবদ্ধ থাকতে হবে। নইলে ফ্যাসিস্ট দোসররা বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারে।” পুলিশের ভূমিকা নিয়ে ওঠা প্রশ্ন প্রসঙ্গে তিনি বলেন, “পুলিশ যদি সক্রিয় হয়, তখন বলা হয় তারা বাড়াবাড়ি করছে। আবার নিষ্ক্রিয় থাকলেও সমালোচনা হয়। মানুষের ক্ষেত্রে সঠিক সীমারেখা টানা কঠিন। আমরা চেষ্টা করছি, যাতে পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকে।” আগামী নির্বাচন বানচাল করতে ইচ্ছাকৃতভাবে কেউ সহিংসতা ঘটাচ্ছে কি নাড়জানতে চাইলে উপদেষ্টা বলেন, “যে পার্টির কার্যকলাপ নেই তারা তো অবশ্যই চাইবে নির্বাচন ভন্ডুল করতে। তাদের কিছু সংখ্যা এখনও রয়ে গেছে। সেই সংখ্যাটাকে প্রতিহত করার দায়িত্ব রাজনৈতিক দলসহ সবার।” তিনি আরও জানান, আইনশৃঙ্খলা বাহিনীর সক্ষমতা বাড়াতে ৭ সেপ্টেম্বর পুলিশের প্রশিক্ষণ কর্মসূচি উদ্বোধন করা হবে। পাশাপাশি তিনি জনগণের অবাধ ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করতে রাজনৈতিক দলগুলোর প্রতি আহ্বান জানান।

## মুজিবনগরে “উঠানে নতুন সংবিধান”

(প্রথম পৃষ্টার পর)

সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা এনসিপি কমিটির যুগ্ম প্রধান সমন্বয়ক ও প্রধান সমন্বয়কারী অ্যাডভোকেট শাকিল আহম্মেদ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনসিপির যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার এবং যুগ্ম প্রধান সংগঠক (দক্ষিণাঞ্চল) মোল্লা রহমাতুল্লাহ। জাতীয় নাগরিক পার্টির কেন্দ্রীয় সদস্য সোহেল রানার তত্ত্বাবধানে বক্তব্য রাখেন জেলা কমিটির যুগ্ম সমন্বয়কারী আরিফ খান, মুজিবনগর উপজেলা কমিটির যুগ্ম সমন্বয়কারী আল মামুন সেন্টু, উপজেলা কমিটির যুগ্ম সমন্বয়কারী তারিকুল ইসলামসহ জেলা ও উপজেলার অন্যান্য নেতৃবৃন্দ। বক্তারা বলেন, জনগণের অধিকার নিশ্চিত করতে নতুন সংবিধান প্রণয়নের বিকল্প নেই। এ জন্য দেশের সর্বস্তরের মানুষকে সচেতন ও ঐক্যবদ্ধ হতে হবে।

## দর্শনা সীমান্তে ৫৮ লক্ষ টাকার

(প্রথম পৃষ্টার পর)

পর্যন্ত একাধিক অভিযান পরিচালনা করে। এ সময় দর্শনা আইসিপি, দর্শনা, সুলতানপুর, বড়বলদিয়া এবং ঠাকুরপুর বিওপির আওতাধীন এলাকায় বিশেষ অভিযান চালানো হয়। অভিযান চলাকালে অবৈধভাবে রক্ষিত চায়না জালসহ বিপুল পরিমাণ চোরাচালান পণ্য জব্দ করা হয়। জব্দকৃত মালামালের মধ্যে রয়েছেড়১৯ বোতল ভারতীয় মদ, ৬৭ বোতল ভারতীয় ফেনসিডিল, ৩ কেজি ভারতীয় গাঁজা, ৩,০০০ পিস ট্যাপেনটাডল ট্যাবলেট, ২১ পিস ভারতীয় শাড়ি, ১২ পিস থ্রি-পিস, ২০২ পিস বিভিন্ন প্রকার ভারতীয় কসমেটিকস, ২০০ পিস চায়না দুয়ারী জাল, ৫০০ কেজি চায়না কারেন্ট জাল এবং ১৮০ কেজি ভারতীয় পেঁয়াজ। এছাড়াও বিভিন্ন ভারতীয় খাদ্যদ্রব্য জব্দ করা হয়েছে। চুয়াডাঙ্গা ৬ ব্যাটালিয়নের সহকারী পরিচালক মোঃ হায়দার আলী জানান, সীমান্ত এলাকাকে অবৈধ কর্মকাণ্ডমুক্ত রাখতে বিজিবির এ ধরনের অভিযান নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে। মাদক ও চোরাচালান প্রতিরোধে আমাদের তৎপরতা আরও জোরদার করা হবে।

## গাংনীতে সড়ক দুর্ঘটনায় আহত

(প্রথম পৃষ্টার পর)

হাফিজুর রহমানের ছেলে সোহান (২০) ও একই এলাকার মৃত হামিদুর রহমানের ছেলে সাগর হোসেন (২২)। স্থানীয় সূত্রে জানা যায়, মোটরসাইকেলযোগে যাওয়ার পথে সোহান ও সাগর দুর্ঘটনার শিকার হয়ে পড়ে যান। পরে স্থানীয়রা তাদের উদ্ধার করে চিকিৎসার ব্যবস্থা করেন। এ সময় তাদের বহন করা ব্যাগ থেকে ৪০ বোতল ফেন্সিডিল পাওয়া যায়। পরে এলাকাবাসী আহত দু'জনকে পুলিশের কাছে সোপর্দ করে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বাণী ইসরাইল ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আহত দুই যুবকের কাছ থেকে ফেনসিডিল উদ্ধার হয়েছে। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে পাঠানো হবে।

## মাদার আলী স্মৃতি ফুটবল টুর্নামেন্টে

(প্রথম পৃষ্টার পর)

ঝাউবাড়িয়া একাদশ গোল পরিশোধের চেষ্টা করলেও শেষ পর্যন্ত নাটুদহ একাদশের আক্রমণ সামলাতে ব্যর্থ হয়।

খেলা উপভোগ করতে মাঠে বিপুলসংখ্যক দর্শক উপস্থিত ছিলেন। টানটান উত্তেজনার মধ্য দিয়ে খেলা শেষ হলে বিজয়ী দলকে সমর্থকদের উল্লাসে ভাসিয়ে দেওয়া হয়।

## যুক্তরাষ্ট্রের কাছে মাথা নত করবে না ভারত: বাণিজ্যমন্ত্রী পীযূষ গয়াল

সূর্যোদয় প্রতিবেদন

ভারতীয় পণ্যে যুক্তরাষ্ট্রের শুল্ক আরোপের ঘটনায় এবার কড়া অবস্থান নিয়েছে নয়াদিল্লি। দেশটির বাণিজ্যমন্ত্রী পীযূষ গয়াল স্পষ্ট করে বলেছেন, যুক্তরাষ্ট্রের কাছে ভারত কখনও ‘মাথা নত’ করবে না। একই সঙ্গে তিনি জানিয়েছেন, ভারত নতুন বাজার খুঁজে বের করার কৌশল গ্রহণ করবে।

গত সপ্তাহে রাশিয়া থেকে জ্বালানি তেল আমদানির কারণে যুক্তরাষ্ট্র ভারতীয় পণ্যে অতিরিক্ত শুল্ক আরোপ করে। এরপর শনিবার নয়াদিল্লি এ বিষয়ে আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানায়। আন্তর্জাতিক গণমাধ্যম আলজাজিরার প্রতিবেদনে বলা হয়েছে, এ পরিস্থিতি শিগগিরই দুই দেশের মধ্যে সমঝোতার কোনো সম্ভাবনা তৈরি করছে না। শুক্রবার নয়াদিল্লিতে এক অনুষ্ঠানে গয়াল বলেন, ‘যদি কেউ ভারতের সঙ্গে একটি মুক্ত বাণিজ্য চুক্তি করতে চায়, ভারত সর্বদা প্রস্তুত। তবে ভারত কারও কাছে মাথা নত করবে না, কখনো দুর্বলতা দেখাবে না।’ তিনি আরও জানান, ভারত দ্রুত নতুন বাজার দখলে এগিয়ে যাবে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয় মেয়াদে ক্ষমতায় ফেরার পর থেকে শুল্ককে হাতিয়ার হিসেবে ব্যবহার করছেন, যা বিশ্বব্যাপী বাণিজ্যে নেতিবাচক প্রভাব ফেলছে। সর্বশেষ শুল্ক আরোপে যুক্তরাষ্ট্র-ভারত সম্পর্কের টানাপোড়েন আরও বেড়েছে। নয়াদিল্লি এ পদক্ষেপকে ‘অন্যায্য ও অযৌক্তিক’ বলে কড়া সমালোচনা করেছে। কৃষি ও দুগ্ধজাত পণ্যের বাজার নিয়ে চলমান বাণিজ্য আলোচনাও ভেস্তে গেছে।

ট্রাম্প বৃহত্তর মার্কিন বাজারে ভারতীয় প্রবেশাধিকার চান। কিন্তু ভারতের কেন্দ্রীয় সরকার সে বিষয়ে নমনীয় নয়। ২০২৪ সালে যুক্তরাষ্ট্রই ছিল ভারতের সবচেয়ে বড় রপ্তানি বাজার, যেখানে দেশটি ৮৭ দশমিক ৩ বিলিয়ন ডলারের পণ্য রপ্তানি করে। বিশ্লেষকদের মতে, ৫০ শতাংশ শুল্ক কার্যত বাণিজ্য নিষেধাজ্ঞার মতো কাজ করছে। এতে ক্ষতিগ্রস্ত হচ্ছে ছোট ব্যবসা ও উৎপাদনকারী প্রতিষ্ঠান। ইতিমধ্যে মার্কিন ক্রেতারা ভারত থেকে পোশাক, সামুদ্রিক খাদ্য ও গহনার বহু অর্ডার বাতিল করেছেন। ফলে দেশটির বিভিন্ন শিল্পখাতে ছাঁটাইয়ের শঙ্কা দেখা দিয়েছে। এ পরিস্থিতিতে পীযূষ গয়াল আশ্বাস দিয়েছেন, ভারত সরকার প্রতিটি খাতকে সহায়তা করবে। পাশাপাশি রপ্তানি বাড়াতে শিগগিরই বেশ কিছু নতুন পদক্ষেপ ঘোষণা করা হবে। তিনি বলেন, ‘আমি আত্মবিশ্বাসের সঙ্গে বলতে পারি, এ বছর ভারতের রপ্তানি ২০২৪-২৫ অর্থবছরের সংখ্যা ছাড়িয়ে যাবে।

## ভারত-চীন সম্পর্ক: ‘বন্ধু হওয়াটা জরুরি’ড়শি জিনপিং

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ‘বন্ধুত্বের বার্তা’ দিয়েছেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং। তিনি বলেন, বিশ্বের দুই জনবহুল ও প্রাচীন সভ্যতার দেশ হিসেবে চীন ও ভারতের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তোলা অত্যন্ত গুরুত্বপূর্ণ। রোববার (৩১ আগস্ট) চীনের তিয়ানজিন শহরে সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশন (এসসিও) শীর্ষ সম্মেলনের ফাঁকে বৈঠক করেন মোদি ও শি জিনপিং। বৈঠকের পর চীনের সরকারি বার্তা উদ্ধৃত করে সাউথ চায়না মর্নিং পোস্ট ও টাইমস অব ইন্ডিয়া জানিয়েছে, গ্লোবাল সাউথে ভূমিকা রাখতে ভারত-চীন একসঙ্গে কাজ করতে পারে। শি জিনপিং বলেন, “বিশ্ব পরিবর্তনের পথে। ভারত ও চীন গ্লোবাল সাউথের অংশ। তাই ড্রাগন ও এলিফ্যান্টের (চীন-ভারত প্রতীক) একত্রিত হওয়া জরুরি। উভয় দেশের সম্পর্ককে কৌশলগত ও দীর্ঘমেয়াদী রূপ দেওয়া উচিত।” বৈঠকে নরেন্দ্র মোদি সীমান্ত পরিস্থিতি নিয়ে কথা বলেন। তিনি জানান, সৈন্য প্রত্যাহারের পর শান্তি ও স্থিতিশীলতার পরিবেশ তৈরি হয়েছে। এছাড়া উভয় দেশের মধ্যে আস্থা, সম্মান ও সংবেদনশীলতার ভিত্তিতে সম্পর্ক গড়ে তোলার ওপর জোর দেন তিনি। মোদি আরও বলেন, তিব্বতকে চীনের স্বায়ত্তশাসিত অঞ্চল হিসেবে ভারত স্বীকৃতি দেয়। পাশাপাশি কৈলাস মানসারোবর তীর্থযাত্রা আবারও চালু হবে এবং দুই দেশের মধ্যে সরাসরি বিমান চলাচল পুনরায় শুরু করার পরিকল্পনাও চলছে। যুক্তরাষ্ট্রের সঙ্গে শুল্ক বিরোধের প্রেক্ষাপটে নয়াদিল্লি চীনের সঙ্গে সম্পর্ক উন্নয়নে আগ্রহী। ভারতীয় কূটনীতিকরা মনে করছেন, দীর্ঘদিনের সীমান্ত বিরোধ সমাধানের মধ্য দিয়েই দুই দেশের আস্থা পুনর্গঠন সম্ভব হবে। প্রায় সাত বছর পর চীন সফরে গেছেন নরেন্দ্র মোদি। মূলত এসসিও শীর্ষ সম্মেলনে যোগ দিতেই তাঁর এ সফর। বেইজিং এই সম্মেলনকে ভূরাজনৈতিক চ্যালেঞ্জের মধ্যে গ্লোবাল সাউথের ঐক্য ও নেতৃত্ব প্রদর্শনের একটি মঞ্চ হিসেবে দেখছে।

এসসিও শীর্ষ সম্মেলনে ২০টিরও বেশি দেশের নেতা অংশ নিয়েছেন। এর মধ্যে বেশিরভাগই এশিয়ার দেশ। চীনে পৌঁছেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনও। সম্মেলনের পাশাপাশি তিনি ও অন্যান্য নেতারা বেইজিংয়ে আয়োজিত সামরিক প্রদর্শনীতেও অংশ নেবেন।

## ইরানের শীর্ষ নেতাদের টার্গেট করেছিল ইসরায়েল

সূর্যোদয় প্রতিবেদন

১৬ জুন, ইসরায়েল-ইরান সংঘাতের চতুর্থ দিন। ইরানের প্রেসিডেন্টসহ শীর্ষ নেতারা রাজধানীর বাইরে পাহাড়ের পাদদেশে মাটির ১০০ ফুট গভীরে নির্মিত এক গোপন বাঙ্কারে জরুরি বৈঠকে বসেন। বৈঠকের গোপনীয়তা রক্ষায় অংশগ্রহণকারীদের কারও কাছে মোবাইল ফোন ছিল না। প্রত্যেকে আলাদা গাড়িতে করে বাঙ্কারে পৌঁছেছিলেন। তবে কঠোর নিরাপত্তার মাঝেও বিপর্যয় ঘটে। বৈঠক শুরুর কিছুক্ষণ পর ইসরায়েলি যুদ্ধবিমান বাঙ্কারের প্রবেশ ও বের হওয়ার দুটি দরজার লক্ষ্য করে ছয়টি বোমা নিক্ষেপ করে। ভেতরে কেউ হতাহত না হলেও বাইরে অপেক্ষমাণ কয়েকজন প্রহরী নিহত হন। পরবর্তীতে জানা যায়, ইসরায়েলি গোয়েন্দারা বাঙ্কারের অবস্থান ও বৈঠকের তথ্য পেয়েছিল দেহরক্ষীদের মোবাইল ফোন হ্যাক করে। শীর্ষ নেতারা ফোন ব্যবহার না করলেও তাঁদের নিরাপত্তারক্ষী ও গাড়িচালকেরা সামাজিক যোগাযোগমাধ্যমে নিয়মিত সক্রিয় ছিলেন। তাদের অসতর্কতাই ইসরায়েলি বাহিনীকে গোপন তথ্য দেয়। গোটা সংঘাতকালীন সময়ে দেহরক্ষীদের মোবাইল ফোন ট্র্যাক করে ইরানের গুরুত্বপূর্ণ সামরিক কর্মকর্তা ও পারমাণবিক বিজ্ঞানীদের অবস্থান শনাক্ত করা হয়। পরবর্তী ক্ষেপণাস্ত্র ও বিমান হামলায় তাঁদের হত্যা করা হয়।

ইসরায়েলি কর্মকর্তাদের মতে, ২০২২ সালের শেষ দিক থেকেই ইরানের পারমাণবিক কর্মকর্তাদের ট্র্যাক করা শুরু হয়। প্রথমে প্রায় ৪০০ জনকে হত্যার পরিকল্পনা করা হলেও পরে তা নামিয়ে আনা হয় ১০০ জনে। এই পরিকল্পনার নাম দেওয়া হয়েছিল ‘অপারেশন রেড ওয়েডিং’, জনপ্রিয় টিভি সিরিজ গেম অব থ্রোনস-এর একটি পর্ব থেকে নামটি নেওয়া হয়। প্রথম লক্ষ্যবস্তু ছিলেন বিপ্লবী গার্ডের বিমান বাহিনীর প্রধান ব্রিগেডিয়ার জেনারেল আমির আলী হাজিজাদেহ। যদিও সে সময় মার্কিন প্রশাসনের সঙ্গে বিরোধের আশঙ্কায় অভিযান স্থগিত রাখা হয়েছিল। নিউইয়র্ক টাইমসকে দেওয়া তথ্য অনুযায়ী, ইরানের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে কথা বলে জানা যায়, সংঘাত চলাকালে নিরাপত্তা ঘাটতি স্পষ্ট হয়ে ওঠে। এক পারমাণবিক বিজ্ঞানীর মৃত্যুদণ্ড কার্যকর করেছে তেহরান, যিনি ইসরায়েলের হয়ে গুপ্তচরবৃত্তি করছিলেন বলে অভিযোগ ছিল। এছাড়া, বেশ কয়েকজন সেনা, গোয়েন্দা কর্মকর্তা ও সরকারি ব্যক্তিকে নীরবে গ্রেপ্তার ও গৃহবন্দী করা হয়েছে। বিপ্লবী গার্ডের নবনিযুক্ত প্রধান ব্রিগেডিয়ার জেনারেল আহমেদ ভাহিদি বলেন, “শত্রু পক্ষের গোয়েন্দারা প্রযুক্তি, উপগ্রহ ও ইলেক্ট্রনিক ডেটার মাধ্যমে সহজেই লক্ষ্যবস্তু শনাক্ত করছে। এমনকি কণ্ঠস্বর ও ছবিও তারা সংগ্রহ করছে।” বর্তমানে সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির নির্দেশে নিরাপত্তা আরও জোরদার করা হয়েছে। দেহরক্ষীদের মোবাইল ব্যবহার কঠোরভাবে সীমিত করা হচ্ছে। ইরানে জনপ্রিয় যোগাযোগ মাধ্যম হোয়াটসঅ্যাপ ব্যবহারের ক্ষেত্রেও সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

## ইন্দোনেশিয়ায় অর্থমন্ত্রীর বাসভবনে রাতভর লুটপাট

সূর্যোদয় প্রতিবেদন

ইন্দোনেশিয়ার অর্থমন্ত্রী শ্রী মুলিয়ানি ইন্দ্রবতীর বাসভবনে রাতভর লুটপাট চালানো হয়েছে। দেশটির রাজধানী জাকার্তার পার্শ্ববর্তী শহর দক্ষিণ তাঙ্গেরাং-এ রোববার ভোরে ঘটে এই ঘটনা। অর্থমন্ত্রীর বাড়ির নিরাপত্তার দায়িত্বে থাকা সেনা সদস্য এবং প্রত্যক্ষদর্শীরা আন্তর্জাতিক সংবাদমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেছেন। প্রত্যক্ষদর্শী ড্যামিয়ানাস রুডলফ জানান, প্রথম দফায় দুই থেকে তিনজন করে কয়েক ডজন মোটরসাইকেল আরোহী আসে, আর দ্বিতীয় দফায় প্রায় ১৫০ জন লোক হামলায় অংশ নেয়। তারা বাড়ি থেকে টেলিভিশন, সাউন্ড সিস্টেম, সাজসজ্জার সামগ্রী, পোশাক, বাসনপত্রসহ বিভিন্ন জিনিসপত্র লুট করে নিয়ে যায়। রাষ্ট্রীয় সংবাদ সংস্থা আন্তারার খবরে বলা হয়, ঘটনার সময় অর্থমন্ত্রী শ্রী মুলিয়ানি বাসায় ছিলেন না। প্রভাবশালী এই রাজনীতিক একসময় বিশ্বব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ছিলেন এবং ইন্দোনেশিয়ার তিনজন প্রেসিডেন্টের সময় অর্থমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন। এই লুটপাট এমন এক সময়ে ঘটল, যখন দেশজুড়ে সহিংস বিক্ষোভ ছড়িয়ে পড়েছে। আইনপ্রণেতাদের জন্য আর্থিক সুবিধা দেওয়ার বিরুদ্ধে আন্দোলনের মধ্যে পুলিশের গুলিতে এক ট্যাক্সিচালক নিহত হওয়ার পর থেকেই বিভিন্ন শহরে উত্তেজনা বাড়ছে। প্রেসিডেন্ট প্রাবোও সুবিয়ান্তো ক্ষমতা গ্রহণের পর এটিই দেশব্যাপী সবচেয়ে বড় সহিংস আন্দোলন হিসেবে দেখা দিয়েছে। অর্থমন্ত্রীর বাড়ির পাশাপাশি সম্প্রতি আরও কয়েকজন আইনপ্রণেতার বাড়িতে হামলা ও লুটপাট চালানো হয়েছে। স্থানীয় গণমাধ্যমের তথ্যমতে, ন্যাসডেম দলের রাজনীতিক নাফা উরবাখের বাসভবনে ভাঙচুর করা হয় এবং আইনপ্রণেতা একো হেনড্রো পূর্ণোমোর বাড়িতেও হামলার ঘটনা ঘটে। শুধু রাজধানী নয়, জাভার যোগকার্তা, বান্দুং, সেমারাং, সুরাবায়া এবং উত্তর সুমাত্রার মেদানসহ একাধিক বড় শহরেও বিক্ষোভ ও সহিংসতা ছড়িয়ে পড়েছে।

## ইউক্রেনে পার্লামেন্টের সাবেক স্পিকারকে গুলি করে হত্যা

সূর্যোদয় প্রতিবেদন

ইউক্রেনের বিশিষ্ট রাজনীতিবিদ এবং পার্লামেন্টের সাবেক স্পিকার আন্দ্রি পারুবিকে গুলি করে হত্যা করা হয়েছে। স্থানীয় কর্মকর্তাদের বরাত দিয়ে বিবিসি জানিয়েছে, পশ্চিমাঞ্চলীয় শহর লভিভে একটি সড়কেই এই হত্যাকাণ্ড সংঘটিত হয়। একটি অননুমোদিত ভিডিও ফুটেজে দেখা গেছে, কুরিয়ারকর্মীর পোশাক পরা এক বন্দুকধারী পারুবির দিকে এগিয়ে আসছেন এবং পরে গুলি করে পারুবির পেছন দিয়ে চলে যান। ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি এই হামলাকে ‘ভয়াবহ হত্যাকাণ্ড’ আখ্যা দিয়েছেন এবং পারুবির পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। ৫৪ বছর বয়সী পারুবি ইউরোময়দান গণবিক্ষোভের সময় খ্যাতি অর্জন করেন। তিনি ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে সম্পর্ক দৃঢ় করতে কাজ করেছেন এবং ২০১৪ সালে রুশপন্থী প্রেসিডেন্ট ভিক্টর ইয়ানুকোভিচের বিরুদ্ধে গণ-আন্দোলনে নেতৃত্ব দিয়েছিলেন। ইউক্রেনীয় কর্তৃপক্ষ ‘সাইরেন’ নামের বিশেষ অভিযান শুরু করেছে সন্দেহভাজন হামলাকারীকে খুঁজে বের করতে। লভিভ পুলিশ প্রধান ওলেকসান্ডার শ্লিয়াখোভস্কি জানিয়েছেন, বন্দুকধারী আগ্নেয়াস্ত্র থেকে প্রায় আটটি গুলি চালিয়েছেন এবং হত্যাকাণ্ডটি পরিকল্পিত মনে হচ্ছে। লভিভের প্রধান প্রসিকিউটর মাইকোলা মেরেট বলেন, হত্যার উদ্দেশ্যে এবং পেছনের কারণ তদন্তাধীন।